২০২১-২০২২ অর্থবছরে শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ শামীম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ।
স্থানঃ উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ।
তারিখঃ ২৯/১১/২০২১ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.৩০ ঘটিকা।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে জনাব মোঃ রানা পারভেজ সরকার, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বেলকুচি, সিরাজগঞ্জ ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির সভায় নিম্নোক্ত আলোচ্য বিষয় সমূহ সভায় তুলে ধরেন।

আলোচ্য বিষয়ঃ

১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।
২। নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান
৩। মৎস্য পরামর্শ দিবস পালন
৪। মুভমেন্ট রেজিষ্টার ও লগ বই হালনাগাদ পূর্বক সংরক্ষণ।
৫। অফিসের সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণ
৬। বিদ্যুৎ ব্যবহারে আন্তরিক ও ব্যয় সাশ্রয়ী বাল্ব ব্যবহার নিশ্চিতকরণ
৭। সঠিক সময়ে প্রতিবেদন সমূহ উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতকরণ

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাঃ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম- পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি আলোচনা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে প্রনীত কর্ম পরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী যথা সময়ে লক্ষমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে তৎপর হতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০২ | নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান | সকল কর্মকর্তা/ কর্মচারীদের নির্দিষ্ট সময়ে অফিসে আগমন ও প্রস্থান নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০৩ | মৎস্য পরামর্শ দিবস পালন: মৎস্য বিষয়ক বিশেষ সেবা প্রদান বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | প্রতিটি উপজেলায় নিদ্ধারিত মৎস্য পরামর্শ দিবসে সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সেবা গ্রহণ কারীদের সেবা প্রদান করতে হবে। এবং নাম, ঠিকানা, মোবাইল নং, সেবার ধরন, পরামর্শ ইত্যাদি বিস্তারিত ভাবে পৃথক রেজিষ্টারে লিপিবদ্ধ করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০৪ | মুভমেন্ট রেজিস্টার ও লগ বই হালনাগাদ পূর্বক সংরক্ষণ | অফিসের সকল কর্মকর্তা/ কর্মচারীদের মাঠ পরিদর্শন সহ সকল ধরনের মুভমেন্ট রেজিষ্টারে যাত্রা ও প্রত্যাবর্তনের সময় ও তারিখ সহ লিপিবদ্ধ করার সিদ্ধান্ত হল। অফিসের মোটরসাইকেল ব্যবহার করলে লগবই হালনাগাদ পূর্বক যথাযথভাবে সংরক্ষন করবেন। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০৫ | অফিসের সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা নিশ্চিতকরণঃ সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | অফিসের সরকারী সম্পদের নিরাপত্তা ও কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। আগুন থেকে রক্ষার জন্য অগ্নি নির্বাপক যন্ত্র স্থাপন করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০৬ | বিদ্যুৎ ব্যবহারে আন্তরিক ও অ্যানার্জি সেভিং বাল্ব ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়। | অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীদের বিদ্যুৎ ব্যবহারে আন্তরিক হতে হবে ও ব্যয় সাশ্রয়ী বাল্ব ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |
| ০৭ | সঠিক সময়ে প্রতিবেদন সমূহ উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়। | সঠিক সময়ে প্রতিবেদন সমূহ কর্তৃপক্ষের নিকট প্রেরণের নিমিত্তে যথাসময়ে প্রতিবেদন সমূহ | উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | | প্রস্তুত ও উর্ধগামী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে আন্তরিক হতে হবে। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৯.১১.২০২১

(মোঃ শামীম রেজা)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
বেলকুচি, সিরাজগঞ্জ।

পত্র নং-৩৩.০২.৮৮১১.৫০১.৬৫.০০১.২০.	তারিখঃ ২৯/১১/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জন্য অনুলিপি প্রেরিত হলোঃ-
১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। জেলা মৎস্য কর্মকর্তা, সিরাজগঞ্জ।
৩। অফিস কপি।

২৯.১১.২০২১

উপজেলা মৎস্য কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ।

বেলকুচি, সিরাজগঞ্জ।

(সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে দেখানো হলো)

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| ০১ | মো: শামীম রেজা<br>উপজেলা মৎস্য কর্মকর্তা | সভাপতি | [signature] |
| ০২ | আনোয়ার হোসেন, ক্ষেত্র সহকারী<br>উপজেলা মৎস্য অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ। | সদস্য | [signature] |
| ০৩ | আল আমিন, অফিস সহায়ক<br>উপজেলা মৎস্য অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ | সদস্য | আলআমিন |
| ০৪ | মোঃ মাহমুদুর রহমান, ক্ষেত্র সহকারী,<br>উপজেলা মৎস্য অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ | সদস্য | [signature] |
| ০৫ | মো: আবদুস সালাম, সম্প্রসারণ কর্মকর্তা,<br>NATP-2, উপজেলা মৎস্য অফিস,<br>বেলকুচি, সিরাজগঞ্জ | ফোকাল পয়েন্ট | [signature] |
| ০৬ | মো: রাসেল মাহমুদ সরকার, অফিস সহকারী,<br>উপজেলা মৎস্য অফিস, বেলকুচি, সিরাজগঞ্জ | সদস্য সচিব | [signature] |